06028 I 6070/12

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL F 741583

Certified that the document is admitted to registration. the signature sheets and the endorsement sheets attached with this document are part of this document.

23 JUL 2012

F. 25
Or. No. 11000/12
V.C.C. No. 1125/12
23/7/12

## দানপত্র

জেলা - দক্ষিণ ২৪ পরগণা,

থানা - সোনারপুর, মৌজা - গড়াগাছা,

দানকৃত সম্পত্তির পরিমান - কমবেশী ১০ শতক শালি জমি,

দানকৃত সম্পত্তির সরকারী মূল্য - টাঃ ৩২,৩৬,৩৬০. (বত্রিশ লক্ষ ছত্রিশ হাজার তিনশো ষাট টাকা) মাত্র।

দানপত্র গ্রহীতাদ্বয় ঃ - (১) শ্রী বিপ্লব মন্ডল,

(২) শ্রী বিকাশ মন্ডল,

উভয়ের পিতা - শ্রী পরেশ মন্ডল,

উভয়ের জাতি - ভারতীয় (হিন্দু), উভয়ের পেশা - ব্যবসা,

উভয়ের সাং - গড়াগাছা, ডাকঘর - গড়িয়া, থানা - সোনারপুর,

জেলা - দক্ষিণ ২৪ পরগণা (কোলকাতা - ৭০০০৮৪)।

পরপৃষ্ঠা . . . ২

নং 2639 তাং 18/07/12 মূল্য 1000/-

খরিদ্দার Paresh Mondal

সাং Garagachha, Garia, Kol-84

শঙ্কর কুমার সরকার

স্ট্যাম্প ভেন্ডার

সোনারপুর এ.ডি.এস.আর অফিস

দক্ষিণ ২৪ পরগনা

পরেশ মন্ডল

2388

পরেশ মন্ডল

2389

বিমল সর্দার

2390

সঞ্জিত সর্দার

Seal of the Dist. Sub-Registrar - IV, South 24 Pgs. Alipore West Bengal

2 3 JUL 2012

Sanjit Kr. Sardar,
S/o Late Madhusudan Sardar,
Garagacha, P.O.- Garia
Kol-84,
Business.

দানপত্র দাতা ঃ -

**শ্রী পরেশ মন্ডল,**
পিতা - স্বর্গীয় যোগেন্দ্র নাথ মন্ডল,
জাতি - ভারতীয় (হিন্দু), পেশা - ব্যবসা,
সাং - গড়াগাছা, ডাকঘর - গড়িয়া, থানা - সোনারপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগণা (কোলকাতা - ৭০০০৮৪)।

কস্য নিম্ন তপশীল বর্ণিত ও অত্র দানপত্র সাথ গ্রথিত নকসায় লাল সীমারেখা পরিবেষ্টিত ওয়ারিশন সূত্রে প্রাপ্ত রায়তি স্বত্ব বিশিষ্ট গড়াগাছা মৌজাস্থিত আর. এস. ১২৫ নং খতিয়ানভুক্ত আর. এস. ২৪৫ নং দাগে যাহা এল. আর. কৃ-১০৬ নং খতিয়ানভুক্ত এল. আর. ২৬৯ নং দাগে ৫০ শতক শালি জমির মধ্যে ৮ শতক শালি জমি ও আর. এস. ১৩০ নং খতিয়ানভুক্ত আর. এস. ১৭০ নং দাগে যাহা এল. আর. কৃ-১৬০ নং খতিয়ানভুক্ত এল. আর. ১৮২ নং দাগে ৮ শতক জমির মধ্যে ২ শতক শালি জমি সর্বমোট দুটি দাগে ১০ শতক শালি জমি সমস্ত প্রকার আকর, আওলতাদি ও ইজমেন্ট স্বত্বাদিসহ সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় অত্র শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা - ২৪ পরগণা অধুনা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস - সোনারপুর, পরগণা - খাষপুর, দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেকটারের অধীন ৫৬ নং তৌজির মহাল, রেভিনিউ সার্ভে নং - ৪১, জে. এল. নং - ৪৫, গড়াগাছা মৌজাস্থিত রিভিশনাল সেটেলমেন্ট জরিপে আর. এস. ১২৫ নং খতিয়ানভুক্ত আর. এস. ২৪৫ নং দাগে ৮ শতক শালি জমি এবং আর. এস. ১৩০ নং খতিয়ানভুক্ত আর. এস. ১৭০ নং দাগে ২ শতক শালি জমি সর্বমোট ১০ শতক শালি জমির স্বত্বাধিকারী রায়ত হয়েন যোগেন্দ্র নাথ মন্ডল মহাশয়ের পুত্র পরেশ মন্ডল মহাশয় এবং উক্ত জমি ভোগ ও দখল করিতে থাকা কালিন এল. আর. সেটেলমেন্ট জরিপে উক্ত আর. এস. ২৪৫ নং দাগের জমিজমা এল. আর. ২৬৯ নং দাগে ৫০ শতকের মধ্যে ৮ শতক এবং আর. এস. ১৭০ নং দাগের জমিজমা এল. আর. সেটেলমেন্ট জরিপে ১৮২ নং দাগে ২ শতক তাহার নাম বরাবর এল. আর. কৃ ১০৬ নং খতিয়ানে প্রচারিত ও প্রকাশিত হয় এবং উক্ত দুটি দাগে যথাক্রমে ৮ শতক ও ২ শতক জমিজমা পরেশ মন্ডল মহাশয় অত্র দানপত্র দাতা অদ্যাবধি নিজের স্বত্ব প্রচারে অন্যের বিনা সংশ্রবে নির্দায় ও নির্দোষ অবস্থায় ভোগ ও দখল করিয়া আসিতেছেন। উক্ত যে কোন রূপ হস্তান্তর করার উত্তম স্বত্ব তাহার বিদ্যমান আছে।

এক্ষনে, তোমরা অত্র দানপত্র গ্রহীতাদ্বয় আমার পুত্র হইতেছ। আমি বার্ধ্যকে উপনিত হইয়াছি। তোমরা আমাকে সেবা যত্ন ও শুশ্রূষা করিয়া আসিতেছ। আমি উপোরক্ত গড়াগাছা মৌজাস্থিত আর. এস. ১২৫ নং খতিয়ানভুক্ত আর. এস. ২৪৫ নং দাগে যাহা এল. আর. কৃ-১০৬ নং খতিয়ানভুক্ত এল. আর. ২৬৯ নং দাগে ৫০ শতক শালি জমির মধ্যে ৮ শতক শালি জমি ও আর. এস. ১৩০ নং খতিয়ানভুক্ত

পরপৃষ্ঠা . . . ৩

Seal of the Dist. Sub Registrar IV South 24 Pgs. Alipore West Bengal

24 Parganas, Alipore

2 3 JUL 2012

আর. এস. ১৭০ নং দাগে যাহা এল. আর. কৃ-১৬০ নং খতিয়ানভুক্ত এল. আর. ১৮২ নং দাগে ৮ শতক জমির মধ্যে ২ শতক শালি জমি সর্বমোট দুটি দাগে ১০ শতক শালি জমি তোমাদেরকে সকল প্রকার ব্যবহার, দান, বন্ধক, বিক্রয়, বিভাজন, চুক্তিপত্র সম্পাদন ও সর্বপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে দান করিতে চাহিলে তোমরা উক্ত দান গ্রহণ করিতে সম্মত হইয়াছ। আমি নিম্ন তপশীলে বর্ণিত জমিজমা সকল প্রকার আকর, আওলতাদি ও ইজমেন্ট স্বত্বাদিসহ নিবূঢ় স্বত্বে নির্দায় ও নির্দোষ অবস্থায় তোমাদিগকে দান করতঃ অত্র দানপত্রে সহি সম্পাদন করিলাম ও রেজিস্ট্রী করতঃ স্বীকার, অঙ্গীকার ও ঘোষণা করিতেছি যে --

অত্র নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি তোমরা অন্যের বিনা সংশ্রবে নির্বিবাদে, নির্দোষ অবস্থায় ভোগ ও দখল করিতে থাক এবং উক্ত সম্পত্তিতে এযাবৎকাল আমার যাহা কিছু স্বত্ত, স্বামিত্ব, হক - হকিয়ত, দখল, অধিকার, দাবী-দাওয়া ছিল বা আছে তাহা অদ্য হইতে ধ্বংস হইয়া তোমাদের অর্শিল। তোমরা উক্ত সম্পত্তির যাবতীয় স্বত্বে স্বত্ববান ও ভোগ-দখলকার হইয়া পশ্চিমবঙ্গ সরকারের দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেকটারের অধীন ভূমি ও ভূমি রাজস্ব কার্য্যালয়ে নিজ নিজ নাম পত্তন ও রাজপুর - সোনারপুর পৌরসভায় নিজ নাম পত্তন করতঃ খাজনাদি ও পৌরকর আদায় দিয়া পুত্র, কন্যা, পৌত্রাদি, ওয়ারিশনগণক্রমে বা স্থলাভিষিক্ত ব্যক্তি বা ব্যক্তিগণক্রমে গৃহ নির্মান, রূপান্তর, বিভাজন, দান, বিক্রয়, বন্ধক, চুক্তি সম্পাদন করিবার, ইজারা, ভাড়া ইত্যাদি দেওয়ার বা সর্ব প্রকার হস্তান্তরের ক্ষমতা যুক্তে ভোগ দখল করিতে থাক, তাহাতে আমার বা আমার ওয়ারিশনগণের কাহারো কোন প্রকার দাবী - দাওয়া, ওজর আপত্তি থাকিল না বা থাকিবে না। আমি বা আমার ওয়ারিশনগণের নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে কোন দাবী দাওয়া থাকিল না বা থাকিবে না। কেহ কোন প্রকার ওজর আপত্তি, দাবি দাওয়া করিলে বা বাধার সৃষ্টি করিলে তাহা অত্র দানপত্র বুনিয়াদে সর্বত্র সর্ব্ব আদালতে বাতিল বা নামঞ্জুর হইবে।

আরো প্রকাশ থাকে যে, উপরোক্ত সম্পত্তি ইতিপূর্বে আমি অন্য কাউকে বিক্রয়, ইচ্ছাপত্র, বন্ধক, দানপত্র, চুক্তিপত্র, ইজারা প্রদান বা কোন প্রকার হস্তান্তর করি নাই। উক্ত সম্পত্তি কোন মামলা মকদ্দমার বিষয় ভুক্ত সম্পত্তি নহে। উহাতে কোন মেয়াদি বা বেমেয়াদি বন্দোবস্ত বা প্রজাসত্ব বিলি বা পাট্টা নাই। উহা দেবোত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে। অদ্যাবধি স্থানীয় প্রশাসন বা সরকারের কোন বিভাগ হইতে উক্ত সম্পত্তি অধিগ্রহণের কোন নোটিশ প্রাপ্ত হই নাই। সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি তোমাদিগকে দান করিয়া চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

আরো উল্লেখ রহিল যে, অত্র দানপত্রে উল্লেখিত তপশীলে বর্ণিত জমিজমা নিজ নাম পত্তন করতঃ তোমরা বা তোমাদের ওয়ারিশনগণ উন্নয়ন, বিভাজন, গৃহ নির্মান, রূপান্তর, জলের পাইপ লাইন, বিদ্যুৎ, টেলিফোন ও কেবল লাইন সংযোগ -- সকল প্রকার প্রয়োজনীয় কার্য্য সম্পাদন করিতে পারিবে।

পরপৃষ্ঠা . . . ৪

তোমারা বা তোমাদের ওয়ারিশানগণ ভূমি ও ভূমি রাজস্ব কার্য্যালয়ে ও পৌর কার্য্যালয়ে নাম পত্তন করতঃ ভোগদখলের অসুবিধা সৃষ্টি হইলে তোমাদের বা তোমাদের ওয়ারিশনগণের অনুকুলে প্রয়োজনীয় সকল প্রকার কার্য্য করিতে আমি বা আমার ওয়ারিশনগণের কোন ওজর - আপত্তি করিব না বা থাকিবে না।

আরো প্রকাশ থাকে যে, অত্র দানপত্র দলিলে যদি কোন প্রকার ভুল ভ্রান্তি প্রকাশ পায় তাহা হইলে আমি বা আমার ওয়ারিশনগণ প্রয়োজন মোতাবেক সংশোধন দলিল বা ঘোষণাপত্র দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম বা থাকিবে।

এতদর্থে, আমি সুস্থ শরীরে, সরল অন্তকরণে, স্বেচ্ছায়, সজ্ঞানে অত্র দানপত্র পাঠ করিয়া মর্ম সম্যক অবগত হইয়া দানপত্রে বার্ধক্য জমিন দুর্বল শরীরের জন্য টিপছাপ দিয়া দানপত্র সম্পাদন করিলাম ও রেজিষ্ট্রী করা হইল। ইতি-

বাংলা তারিখ :- ৭ই শ্রাবণ, ১৪৩১ ।

ইংরাজী তারিখ :- ২৩ শে জুলাই, ২০২৪

## সম্পত্তির তপশীল

জেলা - ২৪ পরগণা অধুনা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস - সোনারপুর, দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেকটারের অধীন ৫৬ নং তৌজির মহাল, রেভিনিউ সার্ভে নং - ৪১, জে. এল. নং - ৪৫, গড়াগাছা মৌজাস্থিত আর. এস. ১২৫ নং খতিয়ানভুক্ত আর. এস. ২৪৫ নং দাগে যাহা এল. আর. কৃ-১০৬ নং খতিয়ানভুক্ত এল. আর. ২৬৯ নং দাগে ৫০ শতক শালি জমির মধ্যে ৮ শতক শালি জমি ও আর. এস. ১৩০ নং খতিয়ানভুক্ত আর. এস. ১৭০ নং দাগে এল. আর. কৃ-১০৬ নং খতিয়ানভুক্ত এল. আর. ১৮২ নং দাগে ৮ শতক শালি জমির মধ্যে ২ শতক সর্বমোট দুটি দাগে ১০ শতক শালি জমি সকল প্রকার আকর, আওলতাদি ও ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় অত্র দানপত্রের দানকৃত সম্পত্তি হইতেছে। উক্ত জমিজমা রাজপুর - সোনারপুর পৌরসভার ১ নং ওয়ার্ডে অবস্থিত। উক্ত সম্পত্তির খাজনা দক্ষিন ২৪ পরগণা জেলা কালেকটরের অধীন ভূমি ও ভূমি রাজস্ব কার্য্যালয়ে প্রদেয় ।

**উক্ত আর. এস. ২৪৫ নং দাগে দানকৃত ৮ শতক জমির চৌহদ্দি হইল -**

উত্তর ঃ আর. এস. ২৪৬ নং দাগে হারান নস্কর মহাশয়ের জমিজমা।

দক্ষিণ ঃ ১২ ফুট প্রশস্ত রাস্তা।

পূর্ব ঃ ১২ ফুট প্রশস্ত রাস্তা।

পশ্চিম ঃ উক্ত দাগের অবশিষ্ট জমিজমা।

পরপৃষ্ঠা . . . ৫

Sub-Registrar - IV South 24 Pgs. Alipore West Bengal

2 3 JUL 2012

**উক্ত আর. এস. ১৭০ নং দাগে দানকৃত ২ শতক জমির চৌহদ্দি হইল -**

উত্তর ঃ আর. এস. ১৭১ নং দাগের জমিজমা।

দক্ষিণ ঃ আর. এস. ১৯২ নং দাগের জমিজমা।

পূর্ব ঃ আর. এস. ১৯০ নং দাগের জমিজমা।

পশ্চিম ঃ উক্ত আর. এস. ১৭০ নং দাগে দাতার অবশিষ্ট জমিজমা ।

আমরা তোমার এই দান সানন্দে গ্রহণ করিলাম।

১) বিপ্লব মন্ডল

২) নির্মলা মন্ডল

.................................................................................

দানপত্র গ্রহীতাদ্বয়ের স্বাক্ষর

মুসাবিদাকারক :-

হিরন্ময় মন্ডল

**শ্রী হিরন্ময় মন্ডল,**

এ্যাডভোকেট ,

হাইকোর্ট, কলিকাতা

এনরোলমেন্ট নং - ১৬৬৩/ ১৬৫১, ২০০১ ।

ইসাদি :-

১) নিমাই চন্দ্র মন্ডল,
বড়াগাছি, সাতিনর,
কোলকাতা - ৮৪

২) শ্রী সত্যরঞ্জন মন্ডল
বড়াগাছা, কাড়িগা,
কোল - ৮৪

Seal of the Dist. Sub-Registrar - IV, South 24 Pgs. Alipore West Bengal

2 3 JUL 2012



| | Thumb | 1st Finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

NAME : সুরেশ মণ্ডল

SIGNATURE : সুরেশ মণ্ডল



| | Thumb | 1st Finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

NAME : বিপ্লব মণ্ডল

SIGNATURE : বিপ্লব মণ্ডল



| | Thumb | 1st Finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

NAME : বিকাশ মণ্ডল

SIGNATURE : বিকাশ মণ্ডল

Seal of the Dist. Sub-Registrar - IV, South 24 Pgs. Alipore West Bengal

2 3 JUL 2012

# Government Of West Bengal

## Office Of the D.S.R. - IV SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 06070 of 2012
(Serial No. 06028 of 2012)

**On**

**Payment of Fees:**

**On 23/07/2012**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 19.25 hrs on :23/07/2012, at the Private residence by Paresh Mondal ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 23/07/2012 by

1. Paresh Mondal, son of Lt. Jogendra Nath Mondal , Garagacha, Thana:-Sonarpur, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700084, By Caste Hindu, By Profession : Business
2. Biplab Mondal, son of Paresh Mondal , Garagacha, Thana:-Sonarpur, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700084, By Caste Hindu, By Profession : Business
3. Bikash Mondal, son of Paresh Mondal , Garagacha, Thana:-Sonarpur, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700084, By Caste Hindu, By Profession : Business

Identified By Sanjit Kumar Sardar, son of Lt. Madhusudan Sardar, Goragacha, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700084, By Caste: Hindu, By Profession: Business.

( Ashoke Kumar Biswas )
DISTRICT SUB-REGISTRAR-IV

**On 24/07/2012**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(i), 4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 0.00/-, on 24/07/2012

Amount by Draft

Rs. 35642/- is paid , by the draft number 526539, Draft Date 20/07/2012, Bank Name State Bank of India, NEW GARIA (SRINAGAR), received on 24/07/2012

( Ashoke Kumar Biswas )
DISTRICT SUB-REGISTRAR-IV

Government Of West Bengal

Office Of the D.S.R. - IV SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

Endorsement For Deed Number : I - 06070 of 2012

(Serial No. 06028 of 2012)

( Under Article : A(1) = 35596/- ,E = 14/- ,H = 28/- ,M(b) = 4/- on 24/07/2012 )

## Certificate of Market Value(WB PUVI rules of 2001)

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-32,36,360/-

Certified that the required stamp duty of this document is Rs.- 16202 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 1000/-

## Deficit stamp duty

Deficit stamp duty Rs. 15202/- is paid, by the draft number 526536, Draft Date 20/07/2012, Bank Name State Bank of India, NEW GARIA (SRINAGAR), received on 24/07/2012

( Ashoke Kumar Biswas )
DISTRICT SUB-REGISTRAR-IV

( Ashoke Kumar Biswas )
DISTRICT SUB-REGISTRAR-IV

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 20
Page from 3380 to 3389
being No 06070 for the year 2012.

(Ashoke Kumar Biswas) 14-August-2012
DISTRICT SUB-REGISTRAR-IV
Office of the D.S.R. - IV SOUTH 24-PARGANAS
West Bengal